



Joel I. Klein
Chancellor

Kathleen Grimm
Deputy Chancellor

সেপ্টেম্বর, ২০১০

প্রিয় পিতামাতা এবং অভিভাবকগণ,

আমরা আপনাদের সদয় অবগতির জন্য একটি ফেডারেল কর্মসূচির কথা জানাতে চাই, যে কর্মসূচির মাধ্যমে আপনাদের পরিবার সন্তানদের পুষ্টিকর ও সুস্বাদু খাবার পরিবেশন করেও বছরে সন্তানপ্রতি ২৫০ ডলারেরও বেশি সাশ্রয় করতে পারবেন। এই কর্মসূচির নাম ন্যাশন্যাল স্কুল লাঞ্চ প্রোগ্রাম (এনএসএলপি) এবং নির্দিষ্ট পারিবারিক আয়ের সীমারেখা অনুযায়ী এসব ফ্রি এবং হ্রাসকৃত মূল্যের স্কুল লাঞ্চ পরিবেশন করা হয়। বিশেষজ্ঞরা একমত হয়েছেন যে পুষ্টিকর খাবার গ্রহণকারী শিক্ষার্থীরা শিক্ষা লাভের জন্য ভালোভাবে প্রস্তুত থাকে।

ফেডারেল আয়ের সীমারেখাসমূহের মধ্যে যেসব পরিবারের আয়, সেসব পরিবারের সন্তানরা ফ্রি বা হ্রাসকৃত মূল্যে খাবার পাওয়ার উপযুক্ত হবে। আপনার সন্তানের উপযুক্ততা নিশ্চিত হতে পিতামাতা বা অভিভাবককে অবশ্যই স্কুল মিলস্ অ্যাপ্লিকেশন (স্কুলে খাবার পাওয়ার আবেদনপত্র) পূরণ ও জমা দিতে হবে। আবেদনপত্র স্কুল বছরের শুরুতে বিলি করা হয় এবং ফেরত দেয়ার পর সেগুলো পর্যালোচনা করা হয়। পরিবারের সব স্কুল-বয়সী সন্তানের জন্য অনলাইনে অ্যাক্সেস এনওয়াইসি-এর www.nyc.gov/accessnyc ওয়েবসাইটে গিয়েও আপনারা সহজে এই আবেদনপত্র পূরণ করতে পারেন।

গত বছর আপনার সন্তানের স্কুলটি ইউনিভার্সেল স্কুল মিলস (ইউএসএম) কর্মসূচিতে অংশগ্রহণ করেছিল যেখানে আবেদনপত্র জমা দেয়া বাধ্যতামূলক ছিলো না এবং সকল শিক্ষার্থী ফ্রি লাঞ্চ খেতে পেয়েছে। এ বছর আপনার সন্তানের স্কুল ইউএসএম কর্মসূচি থেকে বেরিয়ে যাচ্ছে এবং ফ্রি বা হ্রাসকৃত মূল্যে লাঞ্চ পাওয়ার যোগ্য কি-না সেটা নিশ্চিত করার জন্য সকল ছেলেমেয়ে একটি আবেদনপত্র জমা দেবে বলে প্রত্যাশিত। আমরা সকল পরিবারকে একটি নতুন স্কুল মিলস্ অ্যাপ্লিকেশন অনতিবিলম্বে জমা দেয়ার আহ্বান জানাচ্ছি যাতে তাদের সন্তানের ফ্রি বা হ্রাসকৃত মূল্যে খাবার লাভের যোগ্যতার অবস্থা নির্ধারণ করা এবং তাদের পরিবারের আর্থিক অবস্থার সাথে সামঞ্জস্যবিধান করা যায়। এছাড়াও, এই বিজ্ঞপ্তির আওতায় যেসব স্কুল আছে, সেগুলোর জন্য ২০১০/২০১১ স্কুল বছরের আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ সেপ্টেম্বর ২৪, ২০১০। আবেদনপত্র জমা দিতে ব্যর্থ শিক্ষার্থীদেরকে অক্টোবর ১ থেকে লাঞ্ছের জন্য পূর্ণ মূল্য পরিশোধ করতে হবে। (এসব স্কুলের একটি তালিকা এই বিজ্ঞপ্তির উল্টো পৃষ্ঠায় মুদ্রিত আছে)।

স্কুল মিলস্ অ্যাপ্লিকেশন পূরণ করতে সহায়তার প্রয়োজন হলে কিংবা আপনার একটি নতুন আবেদনপত্রের প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন বা স্কুল ফুড হেল্প ডেস্ক-এ (718) 707-4400 নম্বরে ফোন করুন। অনেক স্কুলের প্রিন্সিপ্যাল এনএসএলপি কর্মসূচি সংক্রান্ত বিষয়ে স্কুলের বিশেষজ্ঞ হিসেবে কোন একজন কর্মীকে নিযুক্ত করেন।

আপনাদের বিশ্বস্ত,

ক্যাথলিন গ্রিম

52 Chambers Street • Room 320 • New York, NY 10007
Telephone: 212-374-0209 Fax: 212-374-5588

T&I-14444 (Bengali)

PS 64 - Robert Simon
Childrens Workshop School
Tompkins Square MS Extension
PS 11 William T. Harris
NYC Museum School of Future
PS 149 Sojourner Truth
PS 125 Ralph Bunche
PS 129 John H Finley
Columbia Secondary School for Math, Science, & Engineering
PS/I.S. 210 -21st Century Academy for Community Leadership
PS 3 Raul Julia Micro Society
PS 59 The Community School of Technology
PS 91 Bronx
Riverdale/Kingsbridge Academy MS/HS 141
PS 41 Gun Hill Road
PS 3 The Bedford Village
PS 8 Robert Fulton
PS 9 Teunis G. Bergen
PS 189 Lincoln Terrace
PS 163 Bath Beach
PS 100 The Coney Island School
PS 209 Margaret Mead
PS 212 Lady Deborah Moody
PS 215 Morris H Weiss
Brooklyn Studio Secondary School
PS 255 Barbara Reing School
PS 71 Forest
PS 88 Seneca
PS 60 Woodhaven
PS 96
PS 108 Capt Vincent G Fowler
JHS 226 Virgil I Grissom
PS 30 Queens
PS 175 The Lynn Gross Discovery School
PS 78
PS 11 Thomas Dongan
PS 20 Port Richmond
PS 46 Albert V. Maniscalco
P231K @ PS 215K
P370K @ PS 100K
P370K @ The Jim Thorpe School (Main)
P094M @ Childrens Workshp School
P094M @ Tompkins Square Extension
P811M @ PS 149M / Harlem Child MS
P009Q @ Walter Reed School (Main)
P075Q @ PS 88Q
P177Q @ William Prince (Main)
P233Q @ JHS 226 Virgil I Grissom
P721Q @ Queens Occupational Training Center (OTC)